

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : DSE-B-2

(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) লোকসাহিত্যের সংজ্ঞা দাও। লোকসাহিত্যের বিভিন্ন বিভাগগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮
- অথবা
- (খ) ব্রত বলতে কী বোঝো? পুণ্যপুকুর ব্রতের পরিচয় দাও। ২+৮
- ২। (ক) লোকছড়া “লোকশিক্ষাও দিয়ে থাকে। ছড়ার সামাজিক উপযোগিতার ব্যাপারটি উপেক্ষণীয় নয়।” — আলোচনা করো। ১০
- অথবা
- (খ) গল্পীরা কোন অঞ্চলের লোকনৃত্য? এর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ১+৯
- ৩। (ক) বাংলার আঞ্চলিক লোকসংগীত হিসাবে ভাওয়ালিয়ার পরিচয় দাও। ১০
- অথবা
- (খ) ভাটিয়ালী গানের সংজ্ঞা দাও। উদাহরণসহ ভাটিয়ালী গানের বিস্তৃত পরিচয় দাও। ২+৮
- ৪। (ক) লোকসংস্কৃতি চর্চার ক্ষেত্রে টাইপ-মোটيف পদ্ধতির গুরুত্ব উল্লেখ করো। ৫
- অথবা
- (খ) ‘সেঁজুতি ব্রত’ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) ছড়া ও ধাঁধার পার্থক্য লেখো। ৫
- অথবা
- (খ) রায়বেঁশের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

Please Turn Over

(2217)

৬। (ক) উদাহরণসহ কৃষি বিষয়ক বাংলা প্রবাদ-এর পরিচয় দাও। ৫

অথবা

(খ) মনের মধ্যে মনের মানুষ অন্বেষণ করাই হল বাউল সাধনা।— আলোচনা করো। ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)— ৫×১

(ক) মাঘমণ্ডল ব্রত

(খ) ছৌ-নাচ

(গ) লোককথা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫

(ক) লোকসংস্কৃতির 'লোক'-এর সংজ্ঞা দাও।

(খ) ব্রতকথায় 'ব্রাত্য' কারা?

(গ) পুণ্যপুকুর ব্রত পালনের উদ্দেশ্য কী?

(ঘ) মাঘমণ্ডল ব্রত মাঘ মাসের কোনদিন থেকে শুরু হয়ে কোনদিন পর্যন্ত পালিত হয়?

(ঙ) পারিবারিক শ্রীবৃদ্ধি কামনা করা হয় কোন ব্রতে?

(চ) ছৌ নাচের মুখোশ তৈরিতে পশ্চিমবঙ্গের কোন অঞ্চল বিখ্যাত?

(ছ) 'রায়বেঁশে' কথার অর্থ কী?

(জ) একজন বিখ্যাত গম্ভীরা শিল্পীর নাম লেখো।

(ঝ) ধাঁধা কাকে বলে?

(ঞ) লাঠিয়াল বা লেঠেল সম্প্রদায়ের লোকনৃত্য কোনটি?

(ট) প্রবাদের সংজ্ঞা দাও।

(ঠ) বাউল গানে ব্যবহৃত যন্ত্রের নাম কী?

(ড) 'ভাটিয়ালী' শব্দের অর্থ কী?

(ঢ) 'বাউল' শব্দের অর্থ কী?

(ণ) রাজবংশী সম্প্রদায়ের লোকগান কোনটি?